

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং- ৪৫.১৪০.০১১.০০.০০৫.২০১৩-২৪২২

তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ  
১০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যা বিশিষ্ট বার্গ ইউনিট, ঢাকা কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপন-৬ এর স্মারক নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০২.১৭.২০১০-৩২২, তারিখঃ ২২/০৮/২০১৯খ্রিঃ  
(২) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- ঢামেকহা/প্রশাঃ/২২১৯, তারিখঃ ২৭/০২/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যা বিশিষ্ট বার্গ ইউনিট, ঢাকা কার্যালয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৪১ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	সেবার ধরন	অনুমোদিত সেবা কর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যা বিশিষ্ট বার্গ ইউনিট, ঢাকা।	১	ইলেকট্রিশিয়ান	০১	ক্যাটাগরি-১
	২	কুক	০৪	ক্যাটাগরি-৪
	৩	প্লাম্বর	০১	ক্যাটাগরি-৫
	৪	লিফট অপারেটর	০১	ক্যাটাগরি-৫
	৫	ওয়ার্ড বয়	১৩	ক্যাটাগরি-৫
	৬	আয়া	০৬	ক্যাটাগরি-৫
	৭	সুইপার	০৮	ক্যাটাগরি-৫
	৮	নিরাপত্তা প্রহরী	০৫	ক্যাটাগরি-৫
	৯	ওটি এটেনডেন্ট	০১	ক্যাটাগরি-৫
	১০	মালী	০১	ক্যাটাগরি-৫
মোট- ৪১ জন				

শর্তাবলীঃ

- অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯, তারিখঃ ১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)

পরিচালক

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল  
ঢাকা।

  
(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

অনুলিপিঃ

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।